

৯ শুধু ৯ নয়

- পুষ্পা দাস

সংখ্যা আমাদের কমবেশি সকলেরই জীবনের গুরুত্বপূর্ণ একটি বিষয়। সংখ্যাতত্ত্ব নিয়ে আমার আগ্রহ বরাবরই বেশি। বিশেষ করে ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ অংক নিয়ে আর তার গহনে জমানো রহস্য খুঁজতে গিয়ে যা যা পেয়েছি, জেনেছি, শিখেছি, তার মধ্যে অন্যতম ৯। তাই সেই ৯ সংখ্যার সম্পর্কে এখানে আলোচনা করছি।

আমাদের হিন্দুধর্মে ৯ সংখ্যার গুরুত্ব অপরিসীম। বিভিন্ন পুরাণে নানারকম ভাবে ৯ সংখ্যাটির ব্যবহার দেখা যায়। এই ৯ সংখ্যাটি শক্তির কথা মাথায় রেখেই হয়তো ঋষি ব্যাস ৯টি পুরাণ, এবং ১০৮টি (১ + ০ + ৮ = ৯) মহাপুরাণ তৈরি করেছিলেন।

বিভিন্ন তথ্যসূত্র থেকে প্রাপ্ত ৯ সংখ্যাটির মহিমা জানতে নিচের আলোচনায় দৃষ্টি দেওয়া যাক।

১. হিন্দুশাস্ত্র অনুযায়ী স্বর্গের সংখ্যা ৯। পুরাণে অনেকবার ব্রহ্মার সংখ্যার উল্লেখ করা হয়েছে আর সেটি হচ্ছে ৯। পুরাণ অনুসারে ৪টি যুগ রয়েছে।

সত্যযুগ - ১৭২৮০০ বছর (১ + ৭ + ২ + ৮ + ০ + ০ = ১৮ আবার ১ + ৮ = ৯)

ক্রৈতায়ুগ - ১২৯৬০০০ বছর (১ + ২ + ৯ + ৬ = ১৮ আবার ১ + ৮ = ৯)

দ্বাপরযুগ - ৮৬৪০০০ বছর (৮ + ৬ + ৪ = ১৮ আবার ১ + ৮ = ৯)

কলিযুগ - ৪৩২০০০ বছর (৪ + ৩ + ২ = ৯)

এছাড়া ৯টি গ্রহ, ৯টি পবিত্র দেবী স্থল, ৯টি শুভরাত্রি যা নবরাত্রি নামে পরিচিত। হিন্দু জ্যোতির্বিদ্যা অনুসারে আমাদের ছায়াপথে ২৭টি নক্ষত্রমণ্ডল রয়েছে। (২ + ৭ = ৯) অর্থাৎ সমস্ত উল্লেখিত সংখ্যাকে যদি যোগ করে এক অঙ্কে নিয়ে আসি প্রাপ্ত অঙ্ক হয় ৯।

২. ৯ এমন একটি সংখ্যা যা একাই এবং সর্বশক্তিমান। ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ অংকগুলিকে যদি যোগ করে একঅঙ্কের সংখ্যায় নিয়ে আসা হয় তবে প্রাপ্ত মান হবে ৯।

৩. আরোও মজাদার ব্যাপার হয় ৯ কে ৯ এর সঙ্গে যোগ করতে থাকলেও প্রাপ্ত যোগফলগুলিকে আবার একঅঙ্কে নিয়ে আসলে পাওয়া যাবে শুধুমাত্র ৯।

যেমন-

$$৯ + ৯ = ১৮ (১ + ৮ = ৯)$$

$$১৮ + ৯ = ২৭ (২ + ৭ = ৯)$$

$$২৭ + ৯ = ৩৬ (৩ + ৬ = ৯)$$

$$৩৬ + ৯ = ৪৫ (৪ + ৫ = ৯) \text{ এবং ক্রমশ চলবে}$$

৪. ৯ অংকটির সঙ্গে যেকোনো অংক গুণ করলে যে গুণফল পাওয়া যায়, প্রাপ্ত সংখ্যাগুলিকে যোগ করে এক অঙ্কে নিয়ে আসলে যে সংখ্যাটি পাওয়া যায় তা সর্বদাই ৯ হয়।

$$\text{যেমন- } ৯ \times ৩ = ২৭ (২ + ৭ = ৯)$$

$$৯ \times ৭ = ৬৩ (৬ + ৩ = ৯)$$

$$৯ \times ২২৫ = ২০২৫ (২ + ০ + ২ + ৫ = ৯)$$

৫. তেমনি ৯ কে অর্ধেক করতে থাকলেও প্রাপ্ত সংখ্যাগুলি কে এক অঙ্কে নিয়ে আসলে ৯ - ই পাওয়া যাবে।

$$\begin{aligned} \text{যেমন- } ৯ \div ২ &= ৪.৫ \quad (৪ + ৫ = ৯) \\ ৪.৫ \div ২ &= ২.২৫ \quad (২ + ২ + ৫ = ৯) \\ ২.২৫ \div ২ &= ১.১২৫ \quad (১ + ১ + ২ + ৫ = ৯) \end{aligned}$$

৬. জ্যামিতিক আকারে মহাবিশ্বকে গোলাকৃতি বা বৃত্ত এর সঙ্গে তুলনা করা হয়। আমরা জানি বৃত্তের পরিমাপ ৩৬০° (৩ + ৬ + ০ = ৯) বৃত্তকে অর্ধেক করে যা পরিমাপ করা যায় তা ১৮০° (১ + ৮ + ০ = ৯)। ১৮০° -কে অর্ধেক করলে পাওয়া যায় ৯০° (৯ + ০ = ৯)। ৯০° -এর অর্ধেক ৪৫° এবং এরও অর্ধেক ২২.৫° এবং ক্রমশ যতদূর করা যায় সবগুলির যোগফলই ৯ হয়।

$$\begin{aligned} ৭. \quad ১ \text{ ঘন্টা} &= ৩৬০০ \text{ সেকেন্ড} \quad (৩ + ৬ = ৯) \\ ২৪ \text{ ঘন্টা} &= ৮৬৪০০ \text{ সেকেন্ড} \quad (৮ + ৬ + ৪ = ১৮ \\ &\quad ১ + ৮ = ৯) \end{aligned}$$

$$১ \text{ বছর} = ৩৬৫.২৫ \text{ দিন} \quad (৩ + ৬ + ৫ + ২ + ৫ = ৯)$$

৮. সুস্থ ব্যক্তি দিনে ২১৬০০ টি শ্বাস নেয় যা আবারও যোগফল এর পরে (২ + ১ + ৬ = ৯) সংখ্যা হয়।

মহাজাগতিক শক্তির অধিকারী ৯ সংখ্যাটি একক এবং সর্বশক্তিমান। যা নিয়ে আলোচনা থেকে যাবে। ৯ সংখ্যাটি আবার ৩ ও ৬ সংখ্যার কম্পনের সাথে সামঞ্জস্য বজায় রেখে কাজ করে। যা নিয়ে বিশদ আলোচনা পরে করা যাবে। সর্বকালীন বিখ্যাত বিজ্ঞানী নিকোলা টেসলার ভাষায়-

“If you only knew the magnificence of 3, 6 and 9 then you would have a key to the universe.”

